9 FEB 2017
২৫ 6

# টাই ব্রেকিং ভোটে মার্কিন শিক্ষামন্ত্রী

## যুক্তরাষ্ট্রে নতুন ইতিহাস

**■ ইত্তেফাক ডেস্ক**

মার্কিন শিক্ষামন্ত্রী হিসেবে মনোনয়ন চূড়ান্ত হয়েছে বেটসি ডেভোসের। তবে সিনেটে টাই ব্রেকিং ভোট হওয়ায় যুক্তরাষ্ট্রে এক নতুন ইতিহাস তৈরি হয়েছে। মার্কিন ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্সের ঐতিহাসিক মধ্যস্ততায় বেটসি ডেভোস শিক্ষামন্ত্রী হতে সক্ষম হন। খবর রয়টার্স ও সিএনএনের।

বেটসি ডেভোসের পক্ষে-বিপক্ষে সমান ভোট পড়ে। তখন তার নিয়োগ নিয়ে সংশয় দেখা দেয়। পরে মাইক পেন্সকে এতে হস্তক্ষেপ করতে এবং তার ভোটের প্রয়োজন পড়ে। যুক্তরাষ্ট্রে এটা নজিরবিহীন ঘটনা। এর আগে এমন পরিস্থিতির সৃষ্টি হয়নি। বেটসি [illegible] সমালোচক হিসেবে পরিচিত। তাকে মনোনয়ন দেয়া নিয়ে সিনে[illegible] হয়। রিপাবলিকানদের মধ্যেও বিরোধ দেখা দেয়। ৪৬ ডেমোক্র্যাট ও দুইজন স্বতন্ত্র সিনেটরের পাশাপাশি দুই রিপাবলিকানও তার মনোনয়নের বিরোধিতা করেন। সিনেটের শুনানিতে তারা দাবি করেন, ডেভোস শিক্ষা বিভাগ পরিচালনায় এখনো প্রস্তুত নন। ভোটাভুটিতে পক্ষে-বিপক্ষে সমান ভোট পড়ে। এই অবস্থায় সিদ্ধান্ত ভোটের প্রয়োজন হয়। সংবিধান অনুযায়ী, দেশটির ভাইস প্রেসিডেন্ট সিনেটের প্রেসিডেন্ট হিসেবেও দায়িত্ব পালন করেন। সিনেটে পক্ষে-বিপক্ষের ভোট সমান বা টাই হয়ে গেলে টাই ব্রেকিং ভোটটি সিনেটের প্রেসিডেন্টকে দিতে হয়। তাই ডেভোসের ক্ষেত্রে সিদ্ধান্ত ভোটের জন্য পেন্সের শরণাপন্ন হয় সিনেট। পরে তার মধ্যস্থতায় ডেভোসের নিয়োগ চূড়ান্ত হয়।